


স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৪.২০১৪-৫৪৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব হাফিজুল ইসলাম, ইউপি সদস্য, বুড়িমারী ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট কে পবিত্র কোরআন শরীফ অবমাননার কারণে জনাব আবু ইউনুস মো: শহিদুল্লাহ জুয়েল নামে এক ব্যক্তিতে পিটিয়ে হত্যা ও প্রকাশ্যে লাশ পুড়িয়ে দেওয়ার সাথে সম্পৃক্ত থাকার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, লালমনিরহাট এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৫ জুলাই, ২০২১ তারিখের ৫৪৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) এর অপরাধ সংঘটিত করার অপরাধে কেন আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, লালমনিরহাট এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব হাফিজুল ইসলাম
ইউপি সদস্য (সাময়িক বরখাস্তকৃত)
বুড়িমারী ইউনিয়ন পরিষদ
পাটগ্রাম, লালমনিরহাট।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, লালমনিরহাট (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।